বঙ্গোপসাগরে নিম্নচাপ: পটুয়াখালীতে বৃষ্টি ও শীতের প্রভাব বৃদ্ধি

written by Chandradip News24 | December 21, 2024

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে পটুয়াখালীর উপকূলীয় এলাকায় শনিবার সকাল থেকে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি শুরু হয়েছে। আবহাওয়া অফিস জানিয়েছে, শীত ও বৃষ্টির প্রভাব আরও বাড়তে পারে।

পটুয়াখালী আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা আক্তার জাহান জানান, উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এ কারণে মাছ ধরার ট্রলারগুলোকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচলের নির্দেশ দেওয়া হয়েছে।

আবহাওয়া অফিস জানায়, শুক্রবার সন্ধ্যা ৬টায় নিম্নচাপটি পায়রা সমুদ্রবন্দর থেকে ১২০০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে অবস্থান করছিল। এটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে। এ কারণে পায়রা, চট্টগ্রাম, মোংলা ও কক্সবাজার সমুদ্রবন্দরসমূহকে ১ নম্বর দূরবর্তী সতর্কসংকেত দেখাতে বলা হয়েছে।

আবহাওয়া অধিদপ্তরের তথ্যমতে, রবিবার সারা দেশের আকাশ আংশিক মেঘলা

থাকলেও আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে, তবে দিনের তাপমাত্রা অপরিবর্তিত থাকবে। আগামী ৫ দিনে রাতের তাপমাত্রা আরও কমার সম্ভাবনা রয়েছে।

উপকূলীয় এলাকার জেলেদের দুর্যোগপূর্ণ আবহাওয়ায় সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে। স্থানীয় বাসিন্দাদেরও প্রয়োজনীয় প্রস্তুতি নিতে আহ্বান জানানো হয়েছে।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম